গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা

## বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের আগস্ট/২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড. মহঃ শের আলী<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২২ আগস্ট ২০২১ |
| সভার সময় | বেলা ০৩:০০ ঘটিকা |
| স্থান | সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব) (চলতি দায়িত্ব) কে কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরুর অনুরোধ করেন।

সভার আলোচ্য সূচি:

(১) বিগত ২৫-০৭-২০২১ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।

(২) বিগত ২৫-০৭-২০২১ তারিখের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও নতুন বিষয়াদির পর্যালোচনা।

মহাপরিচালক পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের দ্বিমত আছে কি না জানতে চেলে খনন শাখার শাখা প্রধান জনাব মোঃ মহিবুল ইসলাম, পরিচালক (খনন প্রকৌশল) বলেন, কার্যবিবরণীর বিবিধ আলোচনার ২ নম্বর পয়েন্টে 'জিএসবির সক্ষমতা বৃদ্ধির' স্থলে 'জিএসবির খনন সক্ষমতা বৃদ্ধি' এবং '১টি মাড পাম্পের সুবিধা' এর স্থলে 'প্রয়োজনীয় সংখ্যক মাড পাম্প' উল্লেখ করলে সংশ্লিষ্ট ডিপিপি সংক্রান্ত স্বকীয়তা বজায় থাকবে। অন্য কোন সদস্যের দ্বিমত না থাকায় উল্লিখিত সংশোধনীসহ মহাপরিচালক পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিত করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব) (চলতি দায়িত্ব) বিগত মাসের সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|---|---|---|---|
| ভূবিজ্ঞান সংক্রান্ত | | | |

| | | | |
|---|---|---|---|
| ১। | ২০২১-২২ অর্থবছরের বার্ষিক বহিরঙ্গন কর্মসূচি সংক্রান্ত আলোচনাকালে পরিকল্পনা ও বাস্তবায়ন শাখার শাখা প্রধান জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) জানান, পূর্ব পরিকল্পনা অনুযায়ী আগস্ট মাস থেকেই ড্রিলিং/খনন এর বহিরঙ্গন কর্মসূচি শুরু হবার কথা ছিল কিন্তু বর্তমান পরিস্থিতি বিবেচনায় ড্রিলিং/খনন এর বহিরঙ্গন কর্মসূচি এখনও শুরু করা সম্ভব হয়নি। এক্ষেত্রে প্রয়োজন অনুযায়ী পরবর্তী সকল বহিরঙ্গন কর্মসূচি সমন্বয় করতে হবে। এ প্রসঙ্গে খনন শাখার শাখা প্রধান জনাব মোঃ মহিরুল ইসলাম, পরিচালক (খনন প্রকৌশল) বলেন, খনন শাখার বহিরঙ্গন পূর্ববর্তী কাজ শেষ। শাখা থেকে চাহিদাপত্র প্রেরণ করা হবে। অর্থনৈতিক ভূতত্ত্ব শাখা থেকে ড্রিলিং পয়েন্ট ঠিক করা হলে আগামি ১ মাসের মধ্যে ড্রিলিং কর্মসূচি শুরু করা যাবে। অর্থনৈতিক ভূতত্ত্ব শাখার শাখা প্রধান জনাব মোঃ আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, তার শাখা হতে ড্রিলিং কর্মসূচির জন্য গতবারের মত এ অর্থবছরেরও কুতুবপুরকে নির্বাচন করার বিষয়ে আলোচনা করা হয়েছে। এক্ষেত্রে GDH-59/01 থেকে ১ কিলোমিটার ব্যবধানে বর্তমান ড্রিলিং পয়েন্ট নির্বাচন করা যেতে পারে। জনাব নিজাম উদ্দিন আহমেদ, পরিচালক (ভূ-পদার্থ) বলেন, কুতুবপুরে ড্রিলিং পয়েন্ট নির্বাচন করার পূর্বে ভূ-পদার্থিক জরিপ করা প্রয়োজন। কারণ এ এলাকায় যথেষ্ট পরিমান জরিপ কাজ করা নাই। জনাব আবদুল বাকী খান মজলিশ, পরিচালক (ভূতত্ত্ব) এ প্রেক্ষিতে বলেন, অন্বেষণ ভূ-পদার্থিক পদ্ধতিতে (Exploration geophysical methodology) সাধারণত প্রায়োগিক ক্ষেত্রে সফল (Successful) ও ব্যর্থ (Unsuccessful) কূপের অর্ধেক গড় ব্যবহার করা হয়। অর্থাৎ ২টি কূপের মধ্যবর্তী জায়গায় নতুন কূপ খনন করা হয়। সেক্ষেত্রে জনাব মোঃ আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) এর প্রস্তাবনা মোতাবেক ড্রিলিং পয়েন্ট নির্বাচন করা যেতে পারে। মহাপরিচালক সংশ্লিষ্ট সকলকে আলোচনার মাধ্যমে সমন্বিতভাবে ড্রিলিং এর প্রস্তাব প্রেরনের পরামর্শ প্রদান করেন। অতঃপর জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, প্রতিটি শাখা থেকে বার্ষিক বহিরঙ্গন কর্মসূচির প্রস্তাবনা চাওয়া হয়। কিন্তু কর্মসূচির প্রস্তাবনা নির্বাচন করার ক্ষেত্রে কমিটি কি কি মানদণ্ড বিবেচনা করেন সে সম্পর্কে তিনি জানতে চান। তিনি আরো বলেন, শাখার কোন প্রস্তাবনা কি কারনে বাদ দেয়া হয়েছে এটা জানা থাকলে পরবর্তীতে শাখা থেকে কর্মসূচির প্রস্তাবনা প্রদান অপেক্ষাকৃত সহজ হবে। | ক) পরিকল্পনা মোতাবেক ২০২১-২২ অর্থবছরের বার্ষিক বহিরঙ্গন কর্মসূচি সম্পাদন করতে হবে।<br>খ) সংশ্লিষ্ট সকল শাখা প্রধান আলোচনার মাধ্যমে সমন্বিতভাবে ড্রিলিং এর প্রস্তাব গ্রহনপূর্বক চাহিদাপত্র প্রেরন করতে হবে।<br>গ) বহিরঙ্গন কর্মসূচি নির্বাচন কমিটি পরবর্তীতে গৃহীত এবং বাদকৃত সকল বহিরঙ্গন কর্মসূচির বিষয়ে মন্তব্য সহকারে সভার কার্যবিবরণী তৈরি করে সকল শাখা প্রধান কে প্রেরন করবেন। | ক) পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা সহ সকল শাখা<br>খ) ড্রিলিং সংশ্লিষ্ট শাখাসমূহ<br>গ) সংশ্লিষ্ট কমিটি |

| | | | |
|---|---|---|---|
| ২। | ডিজিটাল ডাটা সংরক্ষণ সংক্রান্ত বিষয়ে পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) ডিজিটাল ডাটা সংরক্ষণ বিষয়ে একটি উপস্থাপনা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) জানান, তিনি উপস্থাপনা তৈরির কাজ করছেন পাশাপাশি তিনি আরো উল্লেখ করেন সরকারের National data archive এর যে কাজ চলছে তার সাথে সামঞ্জস্য রেখে একই সাথে কাজ করতে গেলে উপস্থাপনা প্রদানে কিছু দিন দেরি হতে পারে। জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, National data archive এর কাজটি বাংলাদেশ জরিপ অধিদপ্তর পরিচালিত ১টি প্রকল্প এবং প্রকল্পের মেয়াদ অদ্যবধি শেষ হয়নি। জিএসবি ডাটা সংরক্ষণ সংক্রান্ত বিষয়ে এখনই কাজ শুরু করবে না বাংলাদেশ জরিপ অধিদপ্তরের National data archive সংক্রান্ত প্রকল্প শেষ হবার পরে কাজ শুরু করবে। এ প্রেক্ষিতে মহাপরিচালক বলেন, তথ্য উপাত্ত হালনাগাদ করা একটি চলমান প্রক্রিয়া। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে দেরি না করে এখনি কাজ শুরু করা যেতে পারে এবং পরবর্তীতে প্রয়োজনানুসারে তথ্য হালনাগাদ করা যাবে। | ক) আগামি ১ মাসের মধ্যে জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) ডিজিটাল ডাটা সংরক্ষণ বিষয়ে উপস্থাপনা করবেন। এক্ষেত্রে সরকারের প্রদত্ত নির্দেশনার সাথে মিল রেখে কাজ শুরু করতে হবে। | জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) |
| ৩। | ২০২১-২২ অর্থবছরের এপিএ সংক্রান্ত নির্দেশনা মোতাবেক অধিদপ্তরের প্রতিটি সমন্বয় সভায় এপিএর অগ্রগতির পর্যালোচনা আবশ্যক। এ প্রেক্ষিতে পরিকল্পনা ও বাস্তবায়ন শাখার শাখা প্রধান ও এপিএ টিমের সভাপতি জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) জানান, জিএসবির এপিএ টিম এপিএর বিভিন্ন লক্ষ্যমাত্রা ও লক্ষ্যমাত্রা অর্জনে বিভিন্ন করণীয় সংক্রান্ত বিষয় নিয়ে ইতোমধ্যেই বিস্তারিত আলোচনা করেছে এবং কর্মপদ্ধতি ঠিক করেছে। এপিএ টিমের পক্ষ হতে অধিদপ্তরের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাদের সাথে এপিএ লক্ষ্যমাত্রা ও লক্ষ্যমাত্রা অর্জনে করণীয় সংক্রান্ত বিষয় আলোচনা করা হবে। মহাপরিচালক বলেন, বরাবরের মতো এপিএর অর্জন বহাল রাখতে হবে। অধিদপ্তরের এপিএ অর্জনের সাথে যেহেতু মন্ত্রনালয়ের এপিএ জড়িত তাই এ বিষয়ে অধিক যত্নবান হতে হবে। | ক) এপিএ টিমের পক্ষ হতে অধিদপ্তরের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাদের সাথে এপিএ লক্ষ্যমাত্রা ও লক্ষ্যমাত্রা অর্জনে করনীয় সংক্রান্ত বিষয়ে মতবিনিময় করতে হবে। | এপিএ টিম |

| | | | |
|---|---|---|---|
| ৪। | জিএসবির খনন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রস্তুত ও মন্ত্রণালয়ে প্রেরিত খসড়া ডিপিপি প্রসঙ্গে জনাব মোঃ মহিরুল ইসলাম, পরিচালক (খনন প্রকৌশল) বলেন, নির্দেশনা মোতাবেক ডিপিপি সংশোধন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মহাপরিচালক ডিপিপির বিষয়ে মন্ত্রণালয়ে সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার বিষয়ে পরামর্শ প্রদান করেন। এ বিষয়ে জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, জিএসবিতে ডিপিপি তৈরির জন্য যে কমিটি রয়েছে সে কমিটির মাধ্যমে ডিপিপি সংশোধনের কাজটি হলে কমিটিও সংশ্লিষ্ট বিষয়ে অবহিত থাকতে পারত। মহাপরিচালক মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ মোতাবেক ডিপিপি সংশোধনের পরে সংশ্লিষ্ট কমিটির সভার মাধ্যমেই ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরনের দিকনির্দেশনা প্রদান করেন। | ক) জিএসবির খনন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রস্তুত খসড়া ডিপিপি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সংশোধন করে জিএসবির ডিপিপি প্রণয়ন কমিটির মাধ্যমে অতি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ডিপিপি সংশ্লিষ্ট কমিটি/ কর্মকর্তাগণ |
| **প্রশাসনিক আলোচনা** | | | |
| ১। | প্রশিক্ষণ সংক্রান্ত এপিএ'র ২০২১-২২ এর লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ সংক্রান্ত আলোচনায় প্রকাশনা ও প্রশিক্ষণ শাখার শাখা প্রধান জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ইতোমধ্যেই কর্মকর্তাদের এপিএ সংক্রান্ত ১টি অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা হতে বছরব্যাপী প্রশিক্ষণের ১টি খসড়া রুটিন প্রণয়ন করা হয়েছে। সে মোতাবেক আগামি সপ্তাহে ২ দিন ব্যাপী আরো ১টি প্রশিক্ষণের আয়োজন করা হবে। মহাপরিচালক বলেন, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (পিএটিসি) Conflict management বিষয়ক ১টি প্রশিক্ষণ পরিচালনা করে থাকে। পিএটিসি থেকে রিসোর্স পারসনের ব্যবস্থা করে জিএসবিতে সংশ্লিষ্ট বিষয়ে আভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। এছাড়াও যথাযথ স্বাস্থ্যবিধি মেনে পরবর্তী প্রশিক্ষণগুলো আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ক) বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (পিএটিসি) থেকে রিসোর্স পারসনের ব্যবস্থা করে Conflict management বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করতে হবে।<br>খ) যথাযথ স্বাস্থ্যবিধি মেনে প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা |

| | | | |
|---|---|---|---|
| ২। | জিএসবির ঢাকার মিরপুর, চট্টগ্রাম ও খুলনার জমিতে ক্যাম্প অফিস স্থাপনের খসড়া প্রস্তাব মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। এ সকল অফিসের নামফলক/ সাইনবোর্ড সংশোধন করে পুনরায় স্থাপন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। মহাপরিচালক বলেন, সম্ভব হলে সহকারী পরিচালক পর্যায়ের কর্মকর্তাদের ভূ-বৈজ্ঞানিক কিছু কাজের ব্যবস্থা করে ক্যাম্প অফিসগুলোতে পদায়ন করা যেতে পারে। জিএসবির ঢাকার মিরপুর, চট্টগ্রাম ও সিলেট জেলার গোয়াইন ঘাটের জমির রেজিষ্ট্রেশনের অগ্রগতি সম্পর্কে জনাব মোঃ কামরুল আহসান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, গত সপ্তাহেও সংশ্লিষ্ট দপ্তরে যোগাযোগ করে আশানুরূপ কোন ফলাফল পাওয়া যায়নি। আগামি সপ্তাহের মধ্যে কোন অগ্রগতি না হলে মন্ত্রণালয়ে ডিও লেটার প্রেরণের ব্যবস্থা গ্রহন করা হবে। এছাড়াও তিনি আরো জানান, চট্টগ্রাম অফিসের নির্মাণাধীন রেস্ট হাউসের কাজ শেষ হয়েছে এবং পূর্ব দিকের গেট ভেঙ্গে পুনরায় বড় করে নির্মাণ করা হয়েছে। | ক) জিএসবির ঢাকার মিরপুর, চট্টগ্রাম ও জিওলজিক্যাল হেরিটেজ হিসাবে ঘোষিত সিলেট জেলার গোয়াইন ঘাটের জমির রেজিষ্ট্রেশনের জন্য অদ্যাবধি পূর্বাপর সকল ঘটনার উল্লেখ করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব স্যারের মাধ্যমে সংশ্লিষ্টদের কাছে ডিও লেটার প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অপারেশন ও সমন্বয় শাখা এবং জিওলজিক্যাল হেরিটেজ সংশ্লিষ্ট কমিটি |
| ৩। | জিএসবির পক্ষ হতে যথাযথ মর্যাদা সহকারে জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস ও জাতীয় শোক দিবস পালন করা হয়েছে। মহাপরিচালক বলেন, পূর্ব সিদ্ধান্ত মোতাবেক জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস উপলক্ষ্যে আয়োজিত আলোচনা অনুষ্ঠানে জিএসবির পক্ষ থেকে আমন্ত্রিত সদস্যগণ অনলাইনে সংযুক্ত ছিলেন। এছাড়াও জাতীয় শোক দিবস উপলক্ষে জিএসবি কর্তৃক গৃহীত সকল কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পাদন করা হয়েছে। মহাপরিচালক সকল কর্মকর্তা/কর্মচারিকে ধন্যবাদ জানান। মহাপরিচালক আরো উল্লেখ করেন, জিএসবির সদ্য নির্মিত মুজিব কর্ণারের উদ্বোধনী অনুষ্ঠান ও সফলতার সাথে সম্পন্ন হয়েছে। তিনি জানান, মাননীয় প্রতিমন্ত্রী ও সিনিয়র সচিব মহোদয় জিএসবির এ আয়োজনে অত্যান্ত সন্তুষ্ট হয়েছেন। | ক) সফলতার সাথে জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস, জাতীয় শোক দিবস ও মুজিব কর্ণারের উদ্বোধনী অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। | |
| **বিবিধ আলোচনা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ১। | বিবিধ আলোচনায় জনাব মোঃ মহিরুল ইসলাম, পরিচালক (খনন প্রকৌশল) বলেন, জিএসবির বগুড়া ক্যাম্প অফিসে কিছু ইউক্যালিপ্টাস গাছ রয়েছে যা ক্যাম্প অফিসের ল্যাবরেটরিগুলোর জন্য অত্যান্ত ঝুঁকিপূর্ণ বিধায় ইউক্যালিপ্টাস গাছগুলো কর্তনের জন্য ১টি কমিটি গঠন করা হয়। কমিটির পক্ষ হতে তিনি বগুড়া ক্যাম্প অফিস পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন মহাপরিচালক বরাবর পেশ করেছেন। সংশ্লিষ্ট বিষয়ে তিনি অপারেশন ও সমন্বয় শাখা হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও তিনি ড্রিলিং/খনন কাজে ব্যবহৃত মেয়াদোত্তীর্ণ মাড সম্পর্কে বলেন, ব্যক্তিগতভাবে জিএসবির পক্ষে এ মাড অপসারণ করা সম্ভব নয়। বগুড়া ক্যাম্প অফিস থেকে সংশ্লিষ্ট পৌরসভায় যোগাযোগ করা হলে তারা অনুরোধপত্র প্রেরণের পরামর্শ প্রদান করেন। তিনি সংশ্লিষ্ট বিষয়েও মহাপরিচালকের সুদৃষ্টি কামনা করেন। | ক) কমিটির সুপারিশ মোতাবেক ইউক্যালিপ্টাস গাছ কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>খ) মেয়াদোত্তীর্ণ ড্রিলিং/খনন মাড অপসারণের জন্য বগুড়া পৌরসভায় অনুরোধপত্র প্রেরণের ব্যবস্থা গ্রহন করতে হবে। | অপারেশন ও সমন্বয় শাখা |
| ২। | মহাপরিচালক অধিদপ্তরের ২০২১-২২ অর্থবছরের ক্রয় পরিকল্পনা সংক্রান্ত বিষয়ে আলোচনাকালে সকল শাখা প্রধানের দৃষ্টি আকর্ষণ করে বলেন, নির্ধারিত সময়ের মধ্যেই প্রতিটি শাখা হতে চলমান অর্থবছরের জন্য চাহিদাপত্র প্রেরণ করতে হবে এবং অধিদপ্তরের জন্য মাস ভিত্তিক ক্রয় পরিকল্পনা তৈরী করে অনুমোদন করতে হবে। তিনি আরো বলেন, ক্রয়ের ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ক্রয় কাজ বাড়াতে হবে। মহাপরিচালক সংশ্লিষ্ট উপশাখাগুলিকে সময় আবদ্ধ পরিকল্পনা গ্রহনের পরামর্শ প্রদান করেন। | ক) ২০২১-২২ অর্থবছরের জন্য মাস ভিত্তিক ক্রয় পরিকল্পনা তৈরী করতে হবে।<br>খ) ক্রয়ের ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ক্রয় কাজ বাড়াতে হবে। | অপারেশন ও সমন্বয় শাখা |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

ড. মহঃ শের আলী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.০০০.০৬.০০৪.১৮.৪৫

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৮
৩১ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) জিএসবি'র শাখা প্রধানগণ।

৩) উপ-পরিচালক (ভূতত্ত্ব), সভাপতি, আইসিটি ও ওয়েব টিম (জিএসবি'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ), জিএসবি, ঢাকা।

৪) উপ-পরিচালক (রসায়ন), বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

৫) উপ-পরিচালক (ভূতত্ত্ব), অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

৬) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

মঈনউদ্দিন আহম্মেদ
উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব) (চলতি দায়িত্ব)